বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
(ভোকেশনাল শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।


স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৩১.৩০৮.২২.২৪ তারিখ : ০৮ অক্টোবর, ২০২৪ খ্রিঃ

# বিজ্ঞপ্তি

**বিষয়: এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) নবম শ্রেণি সমাপনী পরীক্ষা-২০২৪ এর ফরম পূরণ প্রসঙ্গে।**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, অত্র বোর্ডের এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) নবম শ্রেণি সমাপনী পরীক্ষা-২০২৪ এর Online এ TC, PC নম্বর প্রেরণ, ফরম পূরণ এবং প্রয়োজনীয় ফি ইত্যাদি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ ও নিয়মাবলি নিম্নে উল্লেখ করা হলো।

১. **বিভিন্ন তারিখ সমূহ:**

| ক্রঃ | বিবরণ | সময় |
|---|---|---|
| ১. | Online এ TC, PC নম্বর Entry | ২০/১০/২০২৪ খ্রিঃ হতে ২৩/১০/২০২৪খ্রিঃ |
| ২. | Form Fill up করা যাবে। | ২৭/১০/২০২৪ খ্রিঃ হতে ০৯/১১/২০২৪খ্রিঃ |
| ৩. | Form Fill up করা যাবে (শিক্ষার্থী প্রতি বিলম্ব ফি ৩০০ টাকাসহ)। | ১০/১১/২০২৪ খ্রিঃ হতে ১২/১১/২০২৪খ্রিঃ |
| ৪. | Form Fill up করা যাবে<br>(শিক্ষার্থী প্রতি বিলম্ব ফি ৩০০ টাকা ও প্রতিষ্ঠান জরিমানা ২৫০০ টাকাসহ)। | ১৩/১১/২০২৪ খ্রিঃ হতে ১৯/১১/২০২৪খ্রিঃ |
| ৫. | সোনালী সেবার মাধ্যমে Form Fill up ফি জমা | ২৪/১১/২০২৪ খ্রিঃ হতে ২৮/১১/২০২৪খ্রিঃ |

**বিঃ দ্রঃ**

- **সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেওয়ার ক্ষেত্রে Payment Slip প্রিন্ট করার তারিখ এবং ব্যাংকে ফি জমা দেওয়ার তারিখ একই হতে হবে।**
- ২০২০ সেশনের শিক্ষার্থীদের তথ্য Online এ থাকবে এবং Form Fill up করা যাবে। তবে নবম ২০২৪ এর জন্য নবায়ন করা না থাকলে প্রবেশপত্র ডাউনলোড করা যাবেনা।
- প্রবিধানের ৫.২ ধারা অনুযায়ী "নবম শ্রেণিতে নিবন্ধনভূক্ত কোন শিক্ষার্থীর নির্ধারিত হাজিরা না থাকলে বা ধারাবাহিক মূল্যায়নে অকৃতকার্য বা শিক্ষা পরিষদের নিকট গ্রহণযোগ্য অন্য কোন কারণে বোর্ড সমাপনী পরীক্ষার ফরম পূরণে ব্যর্থ হলে অব্যবহিত পরের শিক্ষাবর্ষে পুনঃ ভর্তি হয়ে শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখতে পারবে। তবে এ সুযোগ সাধারণভাবে একবারই গ্রহণ করা যাবে" অর্থাৎ ২০২২ সেশনের কোন শিক্ষার্থী ২০২২ এবং ২০২৩ সালে নবম শ্রেণি সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ/ফরম পূরণ না করলে ঐ শিক্ষার্থী ২০২৪ সালে নবম শ্রেণি সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ/ফরম পূরণ করতে পারবেনা।

২. **ফরম পূরণের ফি সংক্রান্ত তথ্য:**

পরীক্ষা ও অন্যান্য ফিসের বিবরণ:

| ক্রঃ | বিবরণ | হার | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | পরীক্ষার ফি | ৮০০.০০ | বোর্ডের প্রাপ্য ১০০% |
| ২. | নম্বর পত্র ফি | ৮০.০০ | বোর্ডের প্রাপ্য ১০০% |
| ৩. | বাস্তব প্রশিক্ষণ ফি | ১৫০.০০ | বোর্ডের প্রাপ্য ৮০/- প্রতিষ্ঠান ৭০/- |
| ৪. | সংযোগ রক্ষাকারী ফি (২০২২ সালে নবম শ্রেণি সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করেছে কিন্তু ২০২৩ সালে নবম শ্রেণি সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করে নাই এরূপ শিক্ষার্থী) | ৩০০.০০ | বোর্ডের প্রাপ্য ১০০% |
| ৫. | বিলম্ব ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | ৩০০.০০ | বোর্ডের প্রাপ্য ১০০% |
| ৬. | কেন্দ্র ফি | ৫৫০.০০ | কেন্দ্রের প্রাপ্য ১০০% |
| ৭. | কেন্দ্র ফি (ব্যাবহারিক) | ১৫০.০০ | কেন্দ্রের প্রাপ্য ১০০% |
| ৮. | ব্যাবহারিক ফি (৫ বিষয়) বিষয় প্রতি ৩৫/- হারে।<br>(অভ্যান্তরীণ শিক্ষক ১২/-, অনাভ্যান্তরীণ শিক্ষক ১৩/-, কাঁচামাল ১০/-) | ১৭৫.০০ | কেন্দ্রের প্রাপ্য ১০০% |

**বিঃ দ্রঃ ফরম পূরণের Payment Summary শীট অনুসারে ফি প্রযোজ্য হবে।**

৩. **পরীক্ষার সময় ও মানবন্টন :**

পূর্ণাঙ্গ সিলেবাস, পূর্ণমানে এবং পূর্ণসময়ে সকল বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা শুরুর সম্ভাব্য সময় ১৫ ডিসেম্বর, ২০২৪।

* জরিমানা ছাড়া ২৭/১০/২৪ – ০৯/১১/২৪ খ্রি. ফি নির্ধারিত ১৯৫০/- + ৫০/- (অনলাইন) = ২০০০/-
** আনুষঙ্গিক ফি: আমাদের সাথে যোগাযোগ করতে বলা হলো

সভাপতি

৪. অনুসরণীয় বিশেষ নির্দেশাবলী:

ক) TC, PC, PF, IA নম্বরের হার্ড কপি বোর্ডে জমা দিতে হবেনা জরুরী বিবেচনায় প্রতিষ্ঠান সংরক্ষণ করবে।

খ) 'মান উন্নয়ন' পরীক্ষার্থী হিসাবে শুধুমাত্র ২০২৩ সনের নবম শ্রেণি সমাপনী পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী মান উন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। তবে, তাদের নিয়মিত পরীক্ষার্থীর মতই পরীক্ষার ফিস প্রদানসহ নবম শ্রেণি সমাপনী পরীক্ষায় লিখিত ও ব্যাবহারিক সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে । এক্ষেত্রে স্বাভাবিক ফি-এর অতিরিক্ত ৫০০.০০ (পাঁচশত) টাকা মান উন্নয়ন ফি প্রদান করতে হবে। মান উন্নয়নের আবেদনের হার্ডকপি আলাদাভাবে ০৭/১১/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে ভোকেশনাল শাখায় জমা দিতে হবে।

গ) প্রতিবন্ধী পরীক্ষার্থীদের ক্ষেত্রে আবেদনের প্রেক্ষিতে Admit Card পাওয়ার পর ১০ মিনিট/ঘন্টা হারে সময় বৃদ্ধি করে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতিপত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে শ্রুতি লেখকের অনুমতিপত্র বোর্ডের ভোকেশনাল শাখা হতে গ্রহণ করতে হবে।

ঘ) নির্দিষ্ট সময়ের পরে Form Fill up এর আবেদন গ্রহণ করা হবেনা।

ঙ)

i. প্রতিদিনের পরীক্ষা শেষে মূল উত্তরপত্র এবং Top litho অংশ ছিড়ে করোগেটেড বক্সে প্যাকেট করে একটি কাপড়ের মোড়কে বোর্ডে পাঠাতে হবে। একই মোড়কের মধ্যে মূল উত্তরপত্র ১০০ টি করে করোগেটেড সীট দ্বারা বান্ডেল করা থাকবে। Top litho অংশ একটি কেন্দ্রে এক দিনে যত হবে সব একই সাথে বান্ডেল (শিরোনামপত্র সহ) হবে। মূল উত্তরপত্রের বান্ডেল এবং Top litho অংশের বান্ডেল একই সাথে সাদা কাপড়ের মোড়কে পেঁচিয়ে সিলগালা করে , মোড়কের উপরে কেন্দ্র কোড ও তারিখসহ প্রেরকের ঠিকানা স্পষ্ট ভাবে লিখে পরীক্ষা নিয়ন্ত্রক, দৃঃ আঃ উপ পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, উপ-ডাকঘর আগারগাঁও, ঢাকা ১২১০ বরাবর পাঠাতে হবে।

ii. ট্রেড বিষয়ের ক্ষেত্রে প্রতি ট্রেডের উত্তরপত্র আলাদা আলাদা ভাবে করোগেটেড সীট দ্বারা বান্ডেল করে একই সাথে একটি মোড়কে Top litho বান্ডেলসহ পাঠাতে হবে।

iii. শুধুমাত্র দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের ক্ষেত্রে বাংলা-১ (১৭১১), আরবী-১ (১৭১৪/৪১২১১), কোরআন মাজিদ ও তাজবীদ-১ (১৭১৭/৪১২১২), হাদিস শরীফ ও ফিকা-১ (১৭১৮/৪১২১৩) উত্তরপত্র ও Top litho হলুদ কাপড়ের মোড়কে পেঁচিয়ে ঙ (i) অনুসারে পাঠাতে হবে।

চ) কেন্দ্রকে প্রতিদিনের অনুপস্থিত ও বহিষ্কার শিক্ষার্থীর তথ্য পরীক্ষার দিন অন-লাইনে এন্ট্রি করতে হবে। ইমেইল এবং ফোনে কোন তথ্য বোর্ডে পাঠাতে হবেনা।

ছ) রোলের ক্রমানুসারে সাজিয়ে হাজিরা সীট, শিরোনামপত্র ও অনুপস্থিত তালিকার হার্ড কপি ব্যাবহারিক পরীক্ষা শেষ হবার ১০ দিনের মধ্যে বোর্ডের ভোকেশনাল শাখায় জমা দিতে হবে।

স্বাক্ষরিত
(মোঃ কেপায়েত উল্লাহ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা, বোর্ড, ঢাকা
ফোন: ০২-৫৫০০৬৫২৫

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৩১.৩০৮.২২.২৪(১১)    তারিখ : ০৮ অক্টোবর, ২০২৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২) মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
৩) মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ১৬ আবদুল গনি সড়ক, ঢাকা।
৪) মহা-পরিচালক, বস্ত্র অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
৫) বিভাগীয় প্রধান (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬) জেলা প্রশাসক (সকল জেলা)।
৭) আঞ্চলিক পরিচালক (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, বরিশাল, ময়মনসিংহ ও সিলেট অঞ্চল), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৮) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (বোর্ডের ওয়েবসাইটে দেওয়ার অনুরোধসহ) ।
৯) অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক, ..................................................।
১০) চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
১১) সংশ্লিষ্ট নথি।

Abbasi

(প্রকৌশলী জাকারিয়া আব্বাসী)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল)
ফোন: ০২-৫৫০০৬৫২৭ (অফিস)